**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**তথ্য অধিদফতর**
**বাংলাদেশ সচিবালয়**
**ঢাকা**

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

**সংখ্যা : ৪৩/২০১৭**

**ঢাকা, মঙ্গলবার ২৮ ফেব্রুয়ারি ২০১৭, ১৬ ফাল্গুন ১৪২৩**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয়গুলোকে প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। সামুদ্রিক মৎস্য আইন মন্ত্রিসভায় অনুমোদন

২। ইনস্টিটিউট হচ্ছে শেখ হাসিনা যুব কেন্দ্র : মন্ত্রিসভায় অনুমোদন

৩। ইউরোপীয় রাষ্ট্র কসোভোকে বাংলাদেশের স্বীকৃতি প্রদান

৪। আগামী জুলাই থেকে নতুন ভ্যাট আইন কার্যকর হবে : অর্থমন্ত্রী

৫। আগামী এক বছরের মধ্যে গ্যাস সমস্যার সমাধান হবে : বাণিজ্যমন্ত্রী

৬। পদ্মা সেতুর কাজ আগামী বছরই শেষ হবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী

৭। জঙ্গি হামলার প্রভাব পড়েছে উন্নয়ন কর্মসূচিতে : পরিকল্পনামন্ত্রী

৮। উন্নয়ন ও বিচারের সংস্কৃতি প্রতিষ্ঠায় গণমাধ্যম হচ্ছে গণতন্ত্রের সঙ্গী : তথ্যমন্ত্রী

৯। বিশেষ বিধান রেখে বাল্যবিবাহ নিরোধ আইন জাতীয় সংসদে পাস

১০। দেশের ২৮টি কোম্পানির তিন প্রকার ওষুধ বন্ধের নির্দেশ হাইকোর্টের

১১। উন্নয়ন প্রকল্পে দুর্নীতি রুখতে কাজ করবে দুদক ও এআইআইবি : দুদক চেয়ারম্যান

চলমান পাতা-২

১। **সামুদ্রিক মৎস্য আইন মন্ত্রিসভায় অনুমোদন**

মেরিন কালচার জোন প্রতিষ্ঠা ও শাস্তি বাড়িয়ে ‘সামুদ্রিক মৎস্য আইন-২০১৭’ এর খসড়া নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল ২৭ ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার নিয়মিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম জানান প্রস্তাবিত আইনে বলা হয়েছে, সরকার উপকূলীয় এলাকা বা নদী মোহনা সংলগ্ন উপযোগী এলাকাকে চিহ্নিত করে মেরিন কালচার অঞ্চল বা জোন প্রতিষ্ঠা করতে পারবে। অনুমোদিত পদ্ধতিতে মৎস্যসহ সামুদ্রিক বিভিন্ন প্রজাতি চাষে অনুমতি দিতে পারবে। আধুনিক এ ধারণাটি আইনে অন্তর্ভুক্ত করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

২। **ইনস্টিটিউট হচ্ছে শেখ হাসিনা যুব কেন্দ্র : মন্ত্রিসভায় অনুমোদন**

শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্রকে ইনস্টিটিউটে রূপান্তর করা হচ্ছে। এ লক্ষ্যে ‘শেখ হাসিনা জাতীয় যুব উন্নয়ন ইনস্টিটিউট আইন ২০১৭’ এর খসড়ায় নীতিগত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে গতকাল ২৭ ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। শেখ হাসিনা জাতীয় যুব কেন্দ্র পরিচালিত হচ্ছে ১৯৯৮ সাল থেকে। প্রাতিষ্ঠানিকীকরণের মাধ্যমে এ কেন্দ্রকে আইনের আওতায় আনা হচ্ছে বলে জানান মন্ত্রিপরিষদ সচিব মোহাম্মদ শফিউল আলম। প্রস্তাবিত আইনের খসড়া অনুযায়ী, এই ইনস্টিটিউটের একটি নির্বাহী কাউন্সিল থাকবে, যার প্রধান হবেন যুব ও ক্রীড়া সচিব। ১৮ ক্যাটাগরির সদস্য এই নির্বাহী কাউন্সিলে সদস্য হিসেবে থাকবেন। এছাড়া মন্ত্রিসভা গতকাল ২৭ ফেব্রুয়ারি সোমবার ‘জাতীয় যুব নীতি ২০১৭’ অনুমোদন করেছে।

মন্ত্রিসভা বাংলাদেশ ও ভুটানের মধ্যে দ্বৈত কর আরোপ পরিহার ও রাজস্ব ফাঁকি রোধ সংক্রান্ত একটি চুক্তির খসড়া অনুমোদন করেছে। এই চুক্তির ব্যাপারে মোহাম্মদ শফিউল আলম বলেন, বাংলাদেশ, ভুটান, ভারত, নেপাল এই চার দেশের ফ্রেমওয়ার্কের আওতায় ভুটানের সঙ্গে অনেক বিষয়ে চুক্তি হয়েছে। সেখানে বাণিজ্য সুবিধা সম্প্রসারণের জন্য দুই দেশ মিলে দ্বৈত করারোপ পরিহার ও রাজস্ব ফাঁকি রোধ সংক্রান্ত একটি চুক্তিপত্র তৈরি করা হয়েছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৩), **অবজারভার** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (শেষ পৃ.,ক.১)।

৩। **ইউরোপীয় রাষ্ট্র কসোভোকে বাংলাদেশের স্বীকৃতি প্রদান**

ইউরোপীয় রাষ্ট্র কসোভোকে আনুষ্ঠানিক স্বীকৃতি দিয়েছে বাংলাদেশ। এর আগে **১১৩**টি দেশ কসোভোকে স্বীকৃতি দেয়। অর্গানাইজেশন অব ইসলামিক কো-অপারেশনের (ওআইসি) ৫৬ দেশের মধ্যে বাংলাদেশ ৩৭তম দেশ হিসেবে রাষ্ট্রটিকে স্বীকৃতি দিলো। কসোভোকে স্বাধীন সার্বভোম রাষ্ট্র হিসেবে আনুষ্ঠানিক স্বীকৃতি প্রদানের প্রস্তাব গতকাল ২৭ ফেব্রুয়ারি সোমবার মন্ত্রিসভায় অনুমোদন দেওয়া হয়। সূত্র-**ইনকিলাব** (পৃ.১,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৫), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৪)।

৪। **আগামী জুলাই থেকে নতুন ভ্যাট আইন কার্যকর হবে : অর্থমন্ত্রী**

আগামী জুলাই মাস থেকে নতুন ভ্যাট আইন কার্যকর করা হবে বলে জানিয়েছেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। গতকাল ২৭ ফেব্রুয়ারি সোমবার সচিবালয়ে নিজ দফতরে আন্তর্জাতিক মুদ্রা তহবিলের (আইএমএফ) উপ-ব্যবস্থাপনা পরিচালক (ডিএমডি) মিথসুহিরো ফুরুসাওয়ার নেতৃত্বে একটি প্রতিনিধি দলের সঙ্গে বৈঠক শেষে এ কথা বলেন অর্থমন্ত্রী। তিনি বলেন, ভ্যাট আইন কার্যকর বিষয়ে আইএমএফ পরামর্শ দিয়েছে। এ আইনটি কার্যকরের বিষয়ে আইএমএফের প্রতিনিধি দলকে জানানো হয়েছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ.পৃ, ক.৭), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.২,ক.৬), **এশিয়ান এজ** (পৃ.১১,ক.২)।

৫। **আগামী এক বছরের মধ্যে গ্যাস সমস্যার সমাধান হবে : বাণিজ্যমন্ত্রী**

আগামী এক বছরের মধ্যে দেশের গ্যাস সমস্যার সমাধান হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। তিনি বলেন, ব্যাপকভিত্তিতে শিল্পায়ন ও কর্মসংস্থান সৃষ্টিতে বর্তমান সরকার অবকাঠামোগত

সমস্যা নিরসনেও কাজ করছে। আগামী ২০১৮ সালের মধ্যেই এসব সমস্যার সমাধান হবে। গতকাল ২৭ ফেব্রুয়ারি সোমবার রাজধানীর হোটেল রেডিসনে সিআইপি (রফতানি ও ট্রেড)-২০১৩ কার্ড বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। যৌথ উদ্যোগে এ অনুষ্ঠানের আয়োজন করে বাণিজ্য মন্ত্রণালয় ও রফতানি উন্নয়ন ব্যুরো (ইপিবি)। সূত্র-**জনকণ্ঠ** (শেষ.পৃ,ক.৮), **ইত্তেফাক** (পৃ.১৮,ক.১), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৯,ক.২)।



**৬। পদ্মা সেতুর কাজ আগামী বছরই শেষ হবে : সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পদ্মা সেতুর নির্মাণকাজ আগামী বছরের ডিসেম্বরের মধ্যেই শেষ হবে। গতকাল ২৭ ফেব্রুয়ারি সোমবার দশম জাতীয় সংসদের ১৪তম অধিবেশনের ২৩তম কার্যদিবসে মন্ত্রী বলেন, সড়ক মহাসড়কে শৃঙ্খলা বজায় রাখার উদ্দেশ্যে সরকার বিভিন্ন পদক্ষেপ গ্রহণ করেছে। তিনি বলেন, ২০ বছরের অধিক পুরাতন বাস-মিনিবাস ও ২৫ বছরের অধিক পুরানো পণ্যবাহী যানবাহন চলাচল নিষিদ্ধ করা হয়েছে। যানজট ও সড়ক দুর্ঘটনা কমানোর জন্য জাল বা ভুয়া ড্রাইভিং লাইসেন্সধারী গাড়িচালক, যান্ত্রিক ক্রুটিপূর্ণ, রংচটা, চলটা উঠা, ফিটনেসবিহীন গাড়ির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের বিষয়ে জরুরি সতর্কীকরণ বিজ্ঞপ্তি প্রচার করা হয়েছে এবং এসবের বিরুদ্ধে বিআরটিএ এবং ঢাকা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটের মাধ্যমে মোবাইল কোর্ট পরিচালনা করা হচ্ছে। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.২), **জনকণ্ঠ** (পৃ.১৯,ক.১)।

**৭। জঙ্গি হামলার প্রভাব পড়েছে উন্নয়ন কর্মসূচিতে : পরিকল্পনামন্ত্রী**

চলতি বছরে জঙ্গি হামলার প্রভাব পড়েছে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) উপর। ফলে কমাতে হচ্ছে বরাদ্দ। সবচেয়ে বেশি কমছে বৈদেশিক সহায়তা খাতে। এ খাতের বরাদ্দ কমছে প্রায় ৭ হাজার কোটি টাকা। গতকাল ২৭ ফেব্রুয়ারি সোমবার পরিকল্পনামন্ত্রী আ হ ম মুস্তফা কামাল রাজধানীর শেরেবাংলা নগরে তার নিজ দপ্তরে এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **সমকাল** (পৃ.১৯,ক.৬), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮), **অবজারভার** (পৃ.১,ক.১)।

**৮। উন্নয়ন ও বিচারের সংস্কৃতি প্রতিষ্ঠায় গণমাধ্যম হচ্ছে গণতন্ত্রের সঙ্গী : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু বলেছেন, লাখো শহীদের রক্তে স্বাধীন বাংলাদেশের বুকে চেপে বসা সাম্প্রদায়িকতা, স্বৈরতন্ত্র ও বিচারহীনতার অপসংস্কৃতির জগদ্দল পাথর সরিয়ে গণতন্ত্র, উন্নয়ন ও বিচারের সংস্কৃতি প্রতিষ্ঠার মহাসংগ্রামে রয়েছি আমরা। গণমাধ্যম এ পথচলায় গণতন্ত্রের সঙ্গী। গণতন্ত্রের সাথে গণমাধ্যমেরও প্রাতিষ্ঠানিকীকরণ এ সংগ্রামের অংশ। গতকাল ২৭ ফেব্রুয়ারি সোমবার রাজধানীতে বাংলা একাডেমির অমর একুশে গ্রন্থমেলায় সোহরাওয়ার্দী উদ্যানে অন্যপ্রকাশ বিতানের সামনে তথ্যমন্ত্রী তার গবেষণাগ্রন্থ 'গণমাধ্যম, গণতন্ত্র ও সাংবাদিকতা প্রেক্ষিত : বাংলাদেশ' এর মোড়ক উন্মোচনকালে এ কথা বলেন। সূত্র-**ইনকিলাব** (শেষ.পৃ,ক.৬), **প্রথম আলো** (পৃ.১৭,ক.১)।

**৯। বিশেষ বিধান রেখে বাল্যবিবাহ নিরোধ আইন সংসদে পাস**

নারী ও পুরুষের ক্ষেত্রে বিয়ের সর্বনিম্ন বয়স যথাক্রমে ১৮ এবং ২১ বছর নির্ধারণ করা হলেও বিশেষ প্রেক্ষাপটে বিয়ের বয়সসীমা শিথিল করার বিশেষ বিধান রেখে সংসদে বাল্যবিবাহ নিরোধ বিল-২০১৭ পাস করা হয়েছে। গতকাল ২৭ ফেব্রুয়ারি সোমবার জাতীয় সংসদের ১৪তম অধিবেশনের ২৩তম কার্যদিবসে মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী মেহের আফরোজ চুমকি বিলটি পাসের প্রস্তাব করলে কণ্ঠভোটে তা পাস হয়। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৫)।

**১০। দেশের ২৮টি কোম্পানির তিন প্রকার ওষুধ বন্ধের নির্দেশ হাইকোর্টের**

মানসম্মত ওষুধ উৎপাদনে ব্যর্থ হওয়ায় ২৮টি কোম্পানির তিন প্রকারের ওষুধের উৎপাদন, বাজারজাতকরণ ও বিক্রি ৭২ ঘন্টার মধ্যে বন্ধের নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। ২২টি কোম্পানির এন্টিবায়োটিক (পেনসিলিন ও সেফালোস্পেরিন গ্রুপ) এবং বাকি ৬টি কোম্পানির হরমোন ও ক্যান্সার জাতীয় ওষুধের ক্ষেত্রে এই আদেশ প্রযোজ্য

হবে। স্বাস্থ্য সচিব, স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক, ওষুধ প্রশাসন অধিদপ্তরের পরিচালক ও বাংলাদেশ ওষুধ শিল্প সমিতির সাধারণ সম্পাদককে দ্রুত এই আদেশ কার্যকর করতে নির্দেশ দেওয়া হয়েছে। এই নির্দেশ বাস্তবায়ন হয়েছে কি না তা দুই সপ্তাহের মধ্যে প্রতিবেদন আকারে আদালতকে অবহিত করতে সরকারকে বলা হয়েছে। এক রিট আবেদনের পরিপ্রেক্ষিতে বিচারপতি সৈয়দ মোহাম্মদ দস্তগীর হোসেন ও বিচারপতি মো. আতাউর রহমান খানের ডিভিশন বেঞ্চ গতকাল ২৭ ফেব্রুয়ারি সোমবার এই আদেশ দেন। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **ইনকিলাব** (পৃ.১,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৪), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

**১১। উন্নয়ন প্রকল্পে দুর্নীতি রুখতে কাজ করবে দুদক ও এআইআইবি : দুদক চেয়ারম্যান**

এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক (এআইআইবি) এর অর্থায়নে চলমান প্রতিটি প্রকল্প দুর্নীতিমুক্ত রাখতে দুর্নীতি দমন কমিশনের সার্বিক সহযোগিতা চাওয়া হয়েছে। এআইআইবি'র কমপ্লায়েন্স, ইফেক্টিভনেস ও ইন্টিগ্রিটি ইউনিটের মহাপরিচালক হামিদ শরীফের নেতৃত্বে তিন সদস্যের একটি প্রতিনিধিদল কমিশনের চেয়ারম্যান ইকবাল মাহমুদের সঙ্গে মতবিনিময়কালে এ সহযোগিতা চান। প্রকল্পগুলোতে দুদক এবং



এআইআইবি যৌথভাবে কাজ করবে বলে জানিয়েছেন দুদক চেয়ারম্যান ইকবাল মাহমুদ। সূত্র-**ইত্তেফাক** (পৃ.৩,ক.৫), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ.,ক.৬), **অবজারভার** (পৃ.৪,ক.২)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক :** উদ্দেশ্যহীন উচ্চশিক্ষার পরিবর্তে দেশে ও বিদেশে শ্রমবাজারের চাহিদার সাথে সঙ্গতি রেখে শিক্ষানীতি, শিক্ষাব্যবস্থা বা শিক্ষা পদ্ধতির সমন্বয় সাধন করা হলে তা বেকারত্ব হ্রাসে ব্যাপক প্রভাব ফেলবে বলে প্রত্যাশা।

খ. **সংবাদ, ইকিলাব :** পুরান ঢাকায় প্রায় ২৫ হাজার রাসায়নিক গুদামের ১৫ হাজারই বাসা-বাড়িতে গড়ে উঠায় জননিরাপত্তায় এসব গুদাম বা কারখানা নিরাপদ স্থানে সরিয়ে নেওয়ার আসন্ন অভিযান যেন আইওয়াশ না হয় তা নিশ্চিত করার সুপারিশ।

গ. **জনকণ্ঠ :** ঢাকাকে বসবাসযোগ্য রাখতে বিভিন্ন ইতিবাচক আলোচনায় ঢাকার উন্নয়নে যে সাতটি জরুরি বিষয় সামনে এসেছে সেগুলো বিবেচনায় নিয়ে সেই অনুযায়ী পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঘ. **প্রথম আলো, ডেইলি স্টার :** সরকারি ৩২৯টি কলেজের মধ্যে ২১২টিতে শিক্ষক-সংকট থাকায় এসব কলেজে শূন্য পদে জরুরি ভিত্তিতে শিক্ষক নিয়োগ দিয়ে মানসম্মত শিক্ষার ব্যবস্থা নিশ্চিত করার সুপারিশ।

ঘ. **যুগান্তর :** জনস্বাস্থ্যের কথা বিবেচনা করে চিকিৎসার ব্যবস্থাপত্র বা প্রেসক্রিপশন লেখা সম্পর্কিত হাইকোর্টের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নে সরকারকে উপযুক্ত পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ঙ. **ইন্ডিপেনডেন্ট :** ইয়াবা বিরোধী পুলিশের অভিযান অব্যাহত রাখাসহ ইয়াবা উৎপাদন স্থানগুলো চিহ্নিত করে বন্ধ করে দেওয়ার পাশাপাশি দেশে ইয়াবা প্রবেশ প্রতিরোধে কোস্টাল পুলিশ ও বর্ডার গার্ডকে সীমান্তে আরও সতর্কতামূলক ব্যবস্থা জোরদার করার আহ্বান।

চ. **ডেইলি সান, যুগান্তর, সমকাল, ভোরের কাগজ :** আদালতের রায় অমান্য করে ডাকা পরিবহণ ধর্মঘটের বিষয় তুলে ধরে যেভাবেই হোক দেশের পরিবহণ খাতে শৃঙ্খলা প্রতিষ্ঠা করতে হবে এবং একই সাথে বিশৃঙ্খলা সৃষ্টিকারীদের শাস্তি দিতে হবে বলে অভিমত।

ছ. **নিউজ টুডে :** দেশের মাদকাসক্তদের চিকিৎসায় আরো বেশি পুনর্বাসন কেন্দ্র প্রতিষ্ঠা করার ওপর গুরুত্বারোপ।

জ. **নিউ নেশন :** ২৮টি ওষুধ কোম্পানির অ্যান্টিবায়োটিক, হরমোন ও ক্যান্সার প্রতিরোধে ওষুধের উৎপাদন ও বিপণন বন্ধের হাইকোর্টের নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়নের সুপারিশ করে সম্পাদকীয় প্রকাশ করেছে।

**উপ-সম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে বাংলায় বিদেশি ভাষার বই অনুবাদ করা আজকের বাংলাদেশে শিক্ষা, সংস্কৃতি ও বিদ্যাচর্চার ক্ষেত্রে এক অপরিহার্য প্রয়োজন বলে উল্লেখ করা হয়েছে।

**নিবন্ধ ও ফিচার**

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **'মা ও শিশুর স্বাস্থ্য রক্ষায় আয়োডিন'** শিরোনামের নিবন্ধে মুসলিমা খাতুন সুস্থ ও সবল জাতি গড়ে তোলার জন্য গর্ভবতী ও স্তন্যদায়ী মাসহ সবাইকে আয়োডিনযুক্ত লবণের পাশাপাশি অন্যান্য আয়োডিনসমৃদ্ধ খাবার খেতে সচেতনতা বাড়াতে হবে বলে অভিমত প্রকাশ করেছেন।

#

শুকলা/মরজিনা/রশীদ/তানিয়া/২০১৭/৯.০০ ঘণ্টা